

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১১৫. মহিলাদেরকে মসজিদে যেতে নিষেধ করা

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَمْنَعُواْ نِسَاءَكُمُ الْمَسَاجِدَ ، وَيُيُونُتُهُنَّ خَيْرٌ لَهُنَّ

"তোমরা তোমাদের মহিলাদেরকে মসজিদে যেতে নিষেধ করো না। তবে তাদের জন্য তাদের ঘরই উত্তম"।[1] তবে মসজিদে যাওয়ার আগে যে কোন মহিলাকে অবশ্যই তার স্বামীর অনুমতি নিতে হবে। তেমনিভাবে তাকে তার ঘর থেকে বের হতে হবে বিশেষ করে রাত্রি বেলায় এবং কোন রকম সাজ-সজ্জা ও সুবাস-সুগন্ধ না লাগিয়ে নিতান্ত সাধারণ বেশে।

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَمْنَعُوا نِسَاءَكُمُ الْمَسَاجِدَ إِذَا اسْتَأْذَنَّكُمْ إِلَيْهَا

"তোমরা তোমাদের মহিলাদেরকে মসজিদে যেতে নিষেধ করো না। যদি তারা তোমাদের কাছে মসজিদে যাওয়ার অনুমতি চায়"।[2]

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

ائْذَنُوْ اللِّسَاءِ إِلَى الْمَسَاجِدِ بِاللَّيْلِ

"তোমরা মহিলাদেরকে রাত্রি বেলায় মসজিদে যেতে অনুমতি দিবে"।[3]

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَمْنَعُواْ إِمَاءَ اللهِ مَسَاجِدَ اللهِ ، وَلَكِنْ لِيَخْرُجْنَ وَهُنَّ تَفِلاَتُ

"তোমরা আল্লাহ্ তা'আলার বান্দিদেরকে মসজিদে যেতে নিষেধ করো না। তবে তারা যেন ঘর থেকে বের হয় কোন রকম সাজ-সজ্জা ও সুবাস-সুগন্ধ না লাগিয়ে"।[4]

আবু হুরাইরাহ্ (রা.) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

أَيُّمَا امْرَأَةِ أَصابَتْ بَخُوْرًا ، فَلاَ تَشْهَدْ مَعَنَا الْعِشَاءَ الْآخِرةَ

"কোন মহিলা যদি খোশবুদার ধোঁয়া গ্রহণ করে তা হলে সে যেন আমাদের সাথে 'ইশার নামায পড়তে না আসে"।[5]

>



ফুটনোট

- [1] (আবু দাউদ, হাদীস ৫৬৭)
- [2] (মুসলিম, হাদীস ৪৪২)
- [3] (মুসলিম, হাদীস ৪৪২ আবু দাউদ, হাদীস ৫৬৮)
- [4] (আবু দাউদ, হাদীস ৫৬৭)
- [5] (মুসলিম, হাদীস 888)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11365

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন